# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত সময়সূচি ও নির্দেশিকা

**ধাপ ১: পছন্দক্রমের ফরম (Choice Form) পূরণ:** A, B, C, D ও E ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তির জন্য (**আসন সংখ্যার ১০ গুন**) নির্ধারিত তারিখের মধ্যে ভর্তির ওয়েবসাইট **academic.juniv.edu** থেকে **Bachelor (Honours)** বাটনে ক্লিক করে অনলাইনে বিষয়ভিত্তিক পছন্দক্রমের ফরম (**Choice Form**) পূরণ করতে হবে (**C1 ইউনিট এবং IBA-JU ব্যতীত**)। পছন্দক্রমের ফরম (**Choice Form**) পূরণ ব্যতীত কাউকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না। শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত পছন্দক্রম পরবর্তীতে কোনো অবস্থাতেই পরিবর্তন করা যাবে না। কোনো শিক্ষার্থী যদি অটোমাইগ্রেশনে ইচ্ছুক না হয় তাহলে প্রতি ধাপে ভর্তির পর নিম্নেবর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনে অটোমাইগ্রেশন বন্ধ করতে পারবে। তবে একজন শিক্ষার্থী অটোমাইগ্রেশন প্রক্রিয়া একবার বন্ধ করলে তা আর চালুর সুযোগ থাকবে না। উল্লেখ্য যে, যেসব শিক্ষার্থী তাদের পছন্দক্রমের প্রথম বিষয় পেয়ে যাবে, তাদের জন্য মাইগ্রেশন প্রক্রিয়া প্রযোজ্য হবে না।

**ধাপ ২: অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ:** ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির ওয়েবসাইট **academic.juniv.edu** থেকে **Bachelor (Honours)** বাটনে ক্লিক করে এ সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**ধাপ ৩: ভর্তি নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট কাগজপত্র শিক্ষা শাখায় জমা প্রদান:** ভর্তিকৃত শিক্ষার্থীকে **ডাউনলোডকৃত ফরমের সাথে** এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান-এর **মূল সনদপত্র (যদি থাকে), নম্বরপত্র**, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার হতে সংগৃহীত মেডিক্যাল সনদপত্র প্রত্যেকটির **১ (এক) সেট সত্যায়িত ফটোকপি (ভর্তিকৃত বিভাগ কর্তৃক সত্যায়নপূর্বক)**, **সরকার কর্তৃক অনুমোদিত যে কোনো হাসপাতাল/ডায়াগনস্টিক সেন্টার/ল্যাবরেটরি/ক্লিনিক থেকে ডোপ টেস্টের (অপিয়ড, অ্যামফিটামিন, বেনজোডায়াজিপিন, ক্যানাবিনয়েডস, অ্যালকোহল) রিপোর্ট**, শিক্ষার্থী কর্তৃক অনলাইনে পূরণকৃত বিষয়ভিত্তিক পছন্দক্রমের ফরম (**Choice Form**) **এবং প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করে সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি এবং ডিন-এর মাধ্যমে রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় সশরীরে উপস্থিত** থেকে জমা দিতে হবে। **নির্ধারিত তারিখের মধ্যে উল্লিখিত কাগজপত্র জমা না দিলে ভর্তি বাতিলপূর্বক আসন শূণ্য ধরে অপেক্ষমাণ তালিকা থেকে উক্ত শূণ্য আসন পূরণ করা হবে।** ভর্তি নিশ্চিতের সময় প্রার্থী অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির প্রমাণপত্র সাথে আনতে হবে।

| ক্র: | বিবরণ | সময়সূচি |
|---|---|---|
| ১. | পছন্দক্রমের ফরম (Choice Form) পূরণ<br>পূরণকৃত পছন্দক্রম (Choice Form) অনুযায়ী নিম্নে উল্লিখিত সময়সূচি অনুযায়ী ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন প্রক্রিয়া সম্পন্ন করা হবে। | ১৩-৩-২০২৫ থেকে ২০-৩-২০২৫ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| ২. | ইউনিট অফিস কর্তৃক চূড়ান্ত মেধা তালিকা ও অপেক্ষমাণ তালিকা উল্লিখিত ভর্তির ওয়েবসাইটে প্রকাশ ও উক্ত তালিকার Printed Copy & Soft Copy শিক্ষা শাখায় প্রেরণ | ১৬-৪-২০২৫ তারিখ, বুধবার |
| ৩. | মেধা তালিকা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ | ২১-৪-২০২৫ থেকে ২৭-৪-২০২৫ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| ৪. | অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য ধাপ-৩ এ উল্লিখিত নির্দেশনা অনুযায়ী শিক্ষা শাখায় সংশ্লিষ্ট কাগজপত্র জমা প্রদান | ২২-৪-২০২৫ থেকে ২৮-৪-২০২৫ তারিখ (সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৩:৩০ টা পর্যন্ত) শুক্রবার ও শনিবার ব্যতীত |
| ৫. | শিক্ষার্থী কর্তৃক অনলাইনে মাইগ্রেশন বন্ধ প্রক্রিয়া সম্পন্নকরণ | ২৮-৪-২০২৫ থেকে ২৯-৪-২০২৫ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত |
| ৬. | ইউনিট অফিস কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশন তালিকা ও শূণ্য আসনের তালিকা উল্লিখিত ভর্তির ওয়েবসাইটে প্রকাশ | ৫-৫-২০২৫ তারিখ, সোমবার |
| ৭. | অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তালিকা উল্লিখিত ভর্তির ওয়েবসাইটে প্রকাশ ও উক্ত তালিকার Printed Copy & Soft Copy শিক্ষা শাখায় প্রেরণ | ৮-৫-২০২৫ তারিখ, বৃহস্পতিবার |
| ৮. | অপেক্ষমাণ তালিকা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ | ১২-৫-২০২৫ থেকে ১৪-৫-২০২৫ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| ৯. | অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য ধাপ-৩ এ উল্লিখিত নির্দেশনা অনুযায়ী শিক্ষা শাখায় সংশ্লিষ্ট কাগজপত্র জমা প্রদান | ১৩-৫-২০২৫ থেকে ১৫-৫-২০২৫ তারিখ (সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৩:৩০ টা পর্যন্ত) |
| ১০. | শিক্ষার্থী কর্তৃক অনলাইনে মাইগ্রেশন বন্ধ প্রক্রিয়া সম্পন্নকরণ | ১৫-৫-২০২৫ থেকে ১৬-৫-২০২৫ তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত |
| ১১. | ইউনিট অফিস কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীদের ২য় ধাপে মাইগ্রেশনের তালিকা ও শূন্য আসন সংখ্যা উল্লিখিত ভর্তির ওয়েবসাইটে প্রকাশ | ২১-৫-২০২৫ তারিখ, বুধবার |

| | | |
|---|---|---|
| ১২. | ২য় ধাপে ভর্তি নিশ্চিতকরণের পর আসন শূন্য থাকা সাপেক্ষে ভর্তির জন্য ইউনিট অফিসে সশরীরে উপস্থিত ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের নিকট হতে আবেদনপত্র গ্রহণ | ১৮-৬-২০২৫ তারিখ, বুধবার (সকাল ৯:০০ টা থেকে দুপুর ১:০০ টা পর্যন্ত) |
| ১৩. | শূন্য আসনে ভর্তিচ্ছুক আবেদনকারী শিক্ষার্থীদের মেধা ও পছন্দক্রম অনুযায়ী অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ | ২৩-৬-২০২৫ থেকে ২৪-৬-২০২৫ তারিখ, রাত ১১:৫৯ টা পর্যন্ত |
| ১৪. | অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য ধাপ-৩ এ উল্লিখিত নির্দেশনা অনুযায়ী শিক্ষা শাখায় সংশ্লিষ্ট কাগজপত্র জমা প্রদান | ২৫-৬-২০২৫ তারিখ, বুধবার (সকাল ৯:৩০ টা থেকে বিকাল ৩:৩০ টা পর্যন্ত) |
| ১৫. | ক্লাস শুরু | ৪র্থ সপ্তাহ, জুলাই ২০২৫ |

**বি:দ্র: ভর্তি সংক্রান্ত নিয়মনীতির যে কোনো ধারা ও উপধারার পরিবর্তন, সংশোধন, সংযোজন ও পুনঃ সংযোজনের অধিকার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

**নির্দেশিকা :**

১. শিক্ষার্থীদের Admission Test Roll No. ও **এইচ.এস.সি./সমমানের রেজিস্ট্রেশন নম্বর** দিয়ে Log in করে অনলাইনে বিষয়ভিত্তিক পছন্দক্রমের ফরম (Choice Form) পূরণ করতে হবে।

**মেধা তালিকা ও অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তির ক্ষেত্রে আবেদন করার নিয়মাবলি:**

২. academic.juniv.edu থেকে Bachelor (Honours) বাটনে ক্লিক করে ওয়েবসাইট থেকে "**১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে অনলাইন ভর্তি আবেদন**" লিংকে ক্লিক করতে হবে।

৩. ভর্তি পরীক্ষার রোল নম্বর ও এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন (**IGCSE/A Level এর ক্ষেত্রে এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বরের পরিবর্তে ভর্তি পরীক্ষার আবেদন করার সময় প্রদেয় মোবাইল**) নম্বর দিয়ে লগইন করতে হবে।

৪. "**আবেদন ফরম**" মেনুতে ক্লিক করে **অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে** ভর্তির জন্য নির্ধারিত ফি (১.২% সার্ভিস চার্জ প্রযোজ্য) প্রদান করতে হবে।

৫. অনলাইন আবেদন ফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করতে হবে এবং এস.এস.সি. ও এইচ.এস.সি./সমমান-এর **মূল সনদপত্র, নম্বরপত্র এবং ডোপ টেস্টের রিপোর্ট** (সকল সনদপত্র PDF/JPG ফরম্যাটে এবং ফাইল সাইজ ৮০০ KB এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করে **Submit** করতে হবে।

৬. আবেদনটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাচাই-বাছাই করবে এবং সকল তথ্য সঠিক থাকলে পরবর্তীতে আবেদনকারীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে জানানো হবে।

**পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড:**

৭. এসএমএস পাওয়ার পর academic.juniv.edu থেকে Bachelor (Honours) বাটনে ক্লিক করে ওয়েবসাইট থেকে পুনরায় লগইন করে **"আবেদন ফরম ডাউনলোড"** মেনুতে ক্লিক করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করে নির্ধারিত সময়সীমার মধ্যে নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাগজপত্রসহ শিক্ষা শাখায় জমা দিতে হবে।

**বি: দ্র: নেটওয়ার্ক সমস্যা/অন্য কোন কারণে এসএমএস না পেলেও সকল তথ্য সঠিক থাকলে নির্ধারিত সময়ের মধ্যে লগইন করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করতে হবে।**

৮. ভর্তি সম্পর্কিত যে কোনো প্রয়োজনে **০১৩২৭৩৬১৮০১, ০১৩২৭৩৬১৮০২, ০১৭৫৩৯৮৭২৭৭ ও ০১৮৫০৮৭৭৩৩৩ মোবাইল** নম্বরে (**সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত) যোগাযোগ করা যাবে**।

স্বাক্ষরিত/-(সৈয়দ মোহাম্মদ আলী রেজা)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি

স্মারক সংখ্যা : জাবি/রেজি/শিক্ষা/৫৯৩৪ (১৩০) তারিখ : ০৫-৩-২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১. উপ-উপাচার্য (শিক্ষা), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
২. উপ-উপাচার্য (প্রশাসন), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৩. কোষাধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৪. সকল ডিন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৫. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৬. পরিচালক, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র, জাবি, সাভার, ঢাকা।
৭. সকল প্রভোস্ট, জাবি, সাভার, ঢাকা।
৮. প্রক্টর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৯. সকল বিভাগীয় সভাপতি, পরিচালক, আইবিএ-জেইউ, আইআইটি এবং তুলনামূলক সাহিত্য ও সংস্কৃতি ইনস্টিটিউট, জাবি।
১০. সভাপতি/সম্পাদক, শিক্ষক সমিতি, জাবি, সাভার, ঢাকা।
১১. ভারপ্রাপ্ত শিক্ষক, আইসিটি সেল, জাবি, সাভার, ঢাকা (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
১২. হিসাবাধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সকল পরিচালক, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), অফিস প্রধান ও ভারপ্রাপ্ত শিক্ষক, জাবি, সাভার, ঢাকা।
১৩. সকল ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, জাবি, সাভার, ঢাকা।
১৪. অধ্যক্ষ, জাবি স্কুল ও কলেজ, সাভার, ঢাকা।
১৫. সকল ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস ও উপাচার্যের সচিব (ডেপুটি রেজিস্ট্রার), উপাচার্য অফিস, জাবি, সাভার, ঢাকা ।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার সমিতি, কর্মচারী সমিতি ও কর্মচারী ইউনিয়ন, জাবি, সাভার, ঢাকা।
১৭. সভাপতি/সাধারণ সম্পাদক, সাংবাদিক সমিতি ও জাবি প্রেস ক্লাব, জাবি, সাভার, ঢাকা।
১৮. নোটিশ বোর্ড ।

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)